

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 19-12-2025

Time: 1.30 P.M.

বিশেষ বিশেষ খবর -

- ১। ইনকিলাব মধ্যের আহ্বায়ক শরীফ ওসমান হাদির মৃত্যুর খবর ছড়িয়ে পড়তেই বাংলাদেশের নতুন করে তুমুল অস্থিরতা সৃষ্টি হয়েছে।
চট্টগ্রামে ভারতের অ্যাসিস্ট্যান্ট হাইকমিশনারের বাসভবনে হামলা চালানো হয় ।
- ২। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ রাজ্য পাবলিক সার্ভিস কমিশনের চেয়ার পার্সনদের দু'দিনের জাতীয় সম্মেলনের উদ্বোধন করেছেন।
- ৩। সংসদের উভয় কক্ষ আজ অনিদিষ্টকালের জন্য মুলতুবি ঘোষণা করা হয়েছে ।
- ৪। নতুন মার্কিন জাতীয় প্রতিরক্ষা আইনে ভারত ও কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলির মধ্যে যোগাযোগ আরও বৃদ্ধি পাবে ।
- ৫। আসন্ন উৎসবের মরণমে ভারতীয় রেল ১৩৮ টি বিশেষ ট্রেন চালাবে।
- ৬। আমেদাবাদে আজ পঞ্চম তথা শেষ t-20 ক্রিকেটে ভারত দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে খেলবে ।

ইনকিলাব মঞ্চের আন্তর্যাক শরীফ ওসমান হাদির মৃত্যুর খবর ছড়িয়ে পড়তেই
বাংলাদেশে নতুন করে তুমুল অস্থিরতা সৃষ্টি হয়েছে। চট্টগ্রামে ভারতের সহকারী
হাইকমিশনারের বাসভবনে হামলা চালানো হয়েছে, যা কূটনৈতিক প্রতিষ্ঠানের নিরাপত্তা
নিয়ে গুরুতর উদ্বেগ সৃষ্টি করেছে। দুষ্কৃতীরা দ্য ডেইলি স্টার ও প্রথম আলোর কার্যালয়
ভাঙ্চুর কোরে আগুন লাগিয়ে দেয়। ধানমন্ডির সাংস্কৃতিক সংগঠন ছায়ানটে সংগীতের
জিনিসপত্র ভাঙ্চুর করে আগুন ধরিয়ে দেয়। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন অঙ্গাত পরিচয়
একদল ব্যক্তি ধর্মীয় ঝোগান দিতে দিতে জোর করে ছায়ানট ভবনে ঢুকে এই তান্ডব
চালায়। তবে হামলাকারীদের মুখ তাকা থাকায় তাদের পরিচয় জানা যায়নি। বাংলাদেশ
সেনা বাহিনী এবং পুলিশ জনতাকে ছেবেঙ্গ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। বাংলাদেশে
প্রসারভারতীর প্রতিনিধির একটি প্রতিবেদন -

ଭୋବେନାର୍ଥ

উল্লেখ্য, বাংলাদেশে ছাত্রনেতা ওসমান হাদির মৃত্যুর পর সেদেশে ব্যাপক হারে হিংসা ছড়িয়ে পড়েছে। গত সপ্তাহে ঢাকা শহরে মুখোশধারী হামলাকারীরা তাকে গুলি করে। চিকিৎসার জন্য সিঙ্গাপুরে নিয়ে যাওয়া হলে সেখানেই গতকাল তিনি মারা যান। হাদির মৃত্যুর খবর ছড়িয়ে পড়তেই কয়েক হাজার সমর্থক রাজধানীসহ গোটা দেশে তুমুল তান্ত্রিক শুরু করেছে।

0000000000000000000000000000

রাষ্ট্রপতি দ্বৌপদী মুর্ম আজ হায়দ্রাবাদে রাজ্য পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারপার্সনদের দুই দিনের জাতীয় সম্মেলনের উদ্বোধন করেছেন। রাষ্ট্রপতি শ্রীমতি মুর্ম এক সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে বলেন, সরকারি কর্মী নিয়োগের সময় তাদের সতত

এবং নিষ্ঠার ওপর সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়। তিনি UPSC-কে সর্বাধিক বিশ্বস্ত সরকারি প্রতিষ্ঠানগুলির একটি বলে উল্লেখ করেন।

বাইট- রাষ্ট্রপতি

তেলেঙ্গানার রাজ্যপাল জিয়ুও দেব বর্মা এবং মুখ্যমন্ত্রী রেবতি রেডিড এবং UPSC চেয়ারম্যান অজয় কুমারও এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

00000000000000000000000000000000

সংসদের উভয় সভার অধিবেশন, আজ অনিদিষ্টকালের জন্য মুলতুবি হয়ে গেছে। পয়লা ডিসেম্বর থেকে শুরু হয়ে ১৯ দিন চললো এই অধিবেশন। আজ প্রথমে লোকসভা ও পরে রাজ্যসভা মুলতুবি হয়ে যায়।

মুলতুবি হওয়ার আগে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা বলেন, এবার ১৫'টি অধিবেশনে ১১১ শতাংশ কাজ হয়েছে। সভা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকল সদস্যকে অভিনন্দন জানান তিনি।

(বাইট- ওম বিড়লা)

সমাপ্তি ভাষণে রাজ্যসভার চেয়ারম্যান সি পি রাধাকৃষ্ণন বলেন, উচ্চকক্ষে এবারের অধিবেশনে ৯২ ঘন্টায় ১২১ শতাংশ কাজ হয়েছে। বিভিন্ন ঐতিহাসিক এবং গণতান্ত্রিক ইস্যুতে সদর্থক আলোচনায় সদস্যরা অংশ নিয়েছেন। বন্দে মাতরম্-এর সার্ধশতবর্ষ নিয়ে বিশেষ আলোচনায় নিজেদের বক্তব্য রেখেছেন ৮২ জন সদস্য।

শ্রী রাধাকৃষ্ণন গতকাল বিরোধী সদস্যদের বিশুদ্ধ আচরণে সভার কাজ ব্যাহত হওয়ায় উদ্বেগ প্রকাশ করেন।

00000000000000000000000000000000

বিদেশমন্ত্রী ড. এস জয়শঙ্কর আজ রাষ্ট্রসংঘের সাধারণ পরিষদে ভারতের
বহুদলীয় সংসদীয় প্রতিনিধি দলের সঙ্গে মতবিনিময় করেন। সমাজমাধ্যমে এক
বার্তায় তিনি বলেন, বিশ্বমধ্যে ভারতের গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরে তারা প্রশংসনীয়
কাজ করেছেন।

00000000000000000000000000000000

আজ গোয়ার মুক্তি দিবস। এই উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু রাজ্যবাসীকে
শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমে একবার্তায় তিনি বলেন মুক্তিযোদ্ধাদের নিরলস
লড়াইয়ের ফলে গোয়া স্বাধীন হতে পেরেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন
অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করে সাহস ও দৃঢ়তার সঙ্গে স্বাধীনতা ছিনিয়ে নিয়েছেন
তারা। তাদের আত্মত্যাগ গোয়ার আগামী দিনের সমৃদ্ধি ও উন্নয়নকে ত্বরান্বিত করবে।
স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গোয়ার মুক্তি দিবসে রাজ্যের মানুষকে শুভেচ্ছা জানিয়ে বলেন
বিপ্লবীদের আত্মত্যাগের ফলেই আজকের গোয়া প্রতিষ্ঠা লাভ করেছে।

00000000000000000000000000000000

দলীয় কর্মসূচিতে অংশ নিতে বর্ষীয়ান বিজেপি নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী
আগামীকাল পশ্চিমবঙ্গে আসছেন। দিল্লিতে আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য
সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, সকাল ১০টায় নদীয়ার তাহেরপুরে নেতাজি পার্ক
ময়দানে প্রধানমন্ত্রী ‘পরিবর্তন সংকল্প সভা’-য় বক্তব্য রাখবেন। পশ্চিমবঙ্গের রাজনৈতিক
পরিবর্তনের সূচনা হিসেবে এই জনসভায় অংশগ্রহণের জন্য রাজ্য সভাপতি সবাইকে
আহ্বান জানান। তিনি বলেন, বাংলার হারানো গৌরব পুনরুদ্ধার, শিল্পায়ন, কর্মসংস্থান,
শিক্ষা ব্যবস্থার সংস্কার এবং গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার লড়াই আগামীকাল থেকেই শুরু হবে।

0000000000000000000000000000

পণ্ডিত রামপ্রসাদ বিসমিল, আসফাকউল্লা খান এবং রোশন সিং এর আজ শহীদ দিবস। এই উপলক্ষ্যে সমাজ মাধ্যমের এক বার্তায় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ শন্দু নিবেদন করে বলেন কাকোরি ট্রেন অ্যাকশন এর মাধ্যমে স্বাধীনতা সংগ্রামের সময় তাদের অবদান দেশকে উদ্বৃদ্ধ করেছিল।

0000000000000000000000000000

ইন্ডিয়ান ইনফরমেশন সার্ভিসের প্রাক্তন প্রবীণ আধিকারিক বকর মির্জা প্রয়াত হয়েছেন। বয়স হয়েছিল ৬৭ বছর।

হায়দ্রাবাদে গতকাল রাতে তিনি হৃদরোগে আক্রান্ত হন।

কর্মজীবনে শ্রী মির্জা আকাশবাণী, ডিডি নিউজ, প্রকাশনা বিভাগ এবং প্রেস ইনফরমেশন বুরোসহ তথ্য ও সম্প্রচার মন্ত্রকের বিভিন্ন বিভাগে দক্ষতার সঙ্গে কাজ করেছেন।
তিনি ২০১৮ সালে গুয়াহাটি ডিডি নিউজের যুগ্ম-নির্দেশক হিসেবে অবসর নেন।

0000000000000000000000000000

জম্মু কাশ্মীরে এইমস বিজয়নগর ক্যাম্পাসে এই প্রথম জেন-জেড পোস্ট অফিস (GenZ Post Office) স্থাপন করে এক বিশেষ কৃতিত্বের পরিচয় দিয়েছে। ক্যাম্পাসের আধুনিকীকরণের লক্ষ্যে ভারতের ডাক পরিষেবাগুলিকে প্রযুক্তি নির্ভর গড়ে তুলতে এই সিদ্ধান্ত। এই পোস্ট অফিসে ব্যাংকিং পরিষেবা সহ বীমা এবং অন্যান্য ছাত্র ও যুবাদের প্রয়োজনে সুযোগ সুবিধা দেওয়া হবে।

0000000000000000000000000000

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে

মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সরকাটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

00000000000000000000000000000000

মার্কিন রাষ্ট্রপতি ডেনাল্ড ট্রাম্প ২০২৬ অর্থবর্ষে জাতীয় প্রতিরক্ষা অনুমোদিত আইন স্বাক্ষর করেছেন।

এরফলে ভারত এবং কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলির মধ্যে যোগাযোগ আরও বৃদ্ধি পাবে। প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে মার্কিন প্রতিরক্ষা জোটকে শক্তিশালী করে কোয়াডের মাধ্যমে ভারতের সঙ্গে সহযোগিতা আরও প্রসারিত করার কথা বলা হয়েছে এই প্রতিরক্ষা আইনে।

ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলকে উন্মুক্ত করার তাগিদে চীনের চ্যালেঞ্জ গ্রহণ করাকেই মার্কিন রাষ্ট্রপতি বিশেষ গুরুত্ব দিয়েছেন।

ট্রাম্প জানিয়েছেন, এই আইন দেশের প্রতিরক্ষাকে আরও শক্তিশালী করবে এবং দেশ ও বিদেশের হুমকি মোকাবিলা করে প্রতিরক্ষা শিল্পের ভিত আরও মজবুত করবে।

00000000000000000000000000000000

ক্রিসমাস এবং ইংরেজি নববর্ষের সময় যাত্রীদের ভিড় সামলাতে ভারতীয় রেল নয়টি জোনে ১৩৮টি বিশেষ ট্রেন চালাবে। এই ট্রেনগুলি নির্ধারিত রুটে ৬৫০ বার চলাচল

করবে। রেল মন্ত্রক জানিয়েছে পশ্চিম রেলের ২৬টি ট্রেন চলবে। যা সংখ্যা বেশি, মধ্য রেল ১৮টি ট্রেন চলবে, দক্ষিণ মধ্য রেল ২৬টি এবং দক্ষিণ পূর্ব মধ্য রেলের ১২টি ট্রেন এই সময়ে উৎসবের ভিড় সামাল দিতে চালানো হবে।

00000000000000000000000000000000

অসামরিক বিমান পরিবহণ মন্ত্রক আজ এক বিজ্ঞপ্তিতে ভারতের উত্তরাঞ্চলের কিছু অংশে কুয়াশাজনিত কারণে বিমান পরিবহণ ব্যতীত হতে পারে বলে জানিয়েছে। নির্দেশিকাতে মন্ত্রক সামগ্রিক পরিস্থিতি বুঝে বিমান পরিষেবা প্রদানকারী সংস্থার সঙ্গে যোগাযোগ রাখতে অনুরোধ করেছে, প্রয়োজনে অতিরিক্ত সময় ভ্রমণের জন্য বরাদ্দ করা হবে বলেও জানানো হয়েছে।

00000000000000000000000000000000

আজ ভারতীয় আবহাওয়া দপ্তর (IMD) আজ উত্তর প্রদেশে ঘন থেকে অতি ঘন কুয়াশার জন্য লাল সতর্কতা জারি করেছে। IMD জানিয়েছে, বিহার, পাঞ্জাব, হরিয়ানা, চণ্ডীগড়, উত্তরাখণ্ড, হিমাচল প্রদেশ, ঝাড়খণ্ড এবং ভারতের উত্তর-পূর্বাঞ্চলেও একই অবস্থা থাকবে। অন্যদিকে আবহাওয়া দপ্তর আগামী দুই দিন উত্তর প্রদেশ এবং উত্তরাখণ্ডে শৈত্যপ্রবাহের পরিস্থিতি বজায় থাকার পূর্বাভাস দিয়েছে। এদিকে দিল্লি-এবং সংলগ্ন জাতীয় রাজধানী অঞ্চলে বায়ুর মান সূচক এখনও বেশ খারাপের পর্যায়ে আছে।

00000000000000000000000000000000

আহমেদাবাদের নরেন্দ্র মোদি স্টেডিয়ামে আগামীকাল পঞ্চম তথা শেষ টি-২০ ম্যাচে ভারত দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়। পার্চ ম্যাচের টি-২০ সিরিজে ভারত ২-১ এ এগিয়ে রয়েছে। গতকাল লখনউতে চতুর্থ ম্যাচ কুয়াশার

কারণে পরিত্যক্ত হয়েছে। আহমেদাবাদের বর্তমানে যা আবহাওয়া তাতে আগামীকালের ম্যাচে শিশির বা কুয়াশার প্রভাব পড়ছে না। পায়ের বুড়ো আঙুলে চোটের কারণে শুভমন গিল আগামীকালের ম্যাচে খেলবেন না। প্রথম একাদশে থাকছেন সঞ্জু স্যামসন। প্রথম একাদশে বুমরাহকেও কাল দেখা যাবে।

0000000000000000000000000000